



বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা
উন্নয়ন শাখা
প্রশাসন অনুবিভাগ
www.idra.org.bd

বাংলাদেশের
সুপ্রসিদ্ধ
Bangladesh



মুজিববর্ষের প্রতিশ্রুতি
বীমা খাতের অগ্রগতি

০৩ ফাল্গুন ১৪২৮

তারিখ: ১৬ ফেব্রুয়ারি ২০২২

স্মারক নং: ৫৩.০৩.০০০০.০১৭.২৩.০২৬.২০২১. ২৩০

বিষয়: 'জাতীয় বীমা দিবস, ২০২২' উদযাপন উপলক্ষে বিবিধ নির্দেশনা পরিপালন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতি বিজড়িত 'জাতীয় বীমা দিবস' অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের উদ্যোগে আগামী ০১ মার্চ ২০২২ তারিখে উদযাপন করা হবে। এবারের জাতীয় বীমা দিবস, ২০২২ এর উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী ভার্চুয়ালি প্রধান অতিথি এবং মাননীয় অর্থমন্ত্রী সভাপতি হিসেবে অংশগ্রহণ করার সানুগ্রহ সম্মতি প্রদান করেছেন।

২। সারাদেশব্যাপী জাতীয় বীমা দিবস যথাযথ মর্যাদায় উদযাপন এবং সফল করার জন্য বীমা প্রতিষ্ঠানসমূহকে নিম্নোক্ত নির্দেশনা পরিপালনের জন্য অনুরোধ করা হলো:

(২.১) আগামী ০১ মার্চ থেকে ১৫ মার্চ, ২০২২ পর্যন্ত সেবাপক্ষ হিসেবে পালনের জন্য বীমা প্রতিষ্ঠানসমূহকে নিম্নোক্ত পদক্ষেপসহ নানামুখি উদ্যোগ গ্রহণ করতে হবে:

- পূর্বের অপরিশোধিত বকেয়া বীমা দাবি থাকলে তা সেবা পক্ষের মধ্যে অতিদ্রুত পরিশোধ করার উদ্যোগ গ্রহণ।
- লাইফ বীমাকারীর Survival Benefit সেবা পক্ষ চলাকালীন সময়ে দ্রুততার সাথে পরিশোধের ব্যবস্থা গ্রহণ।
- নন-লাইফ বীমাকারীর ক্ষেত্রে সেবা পক্ষ চলাকালীন সময়ে উত্থাপিত বীমা দাবি দ্রুততম সময়ে পরিশোধ।
- সেবা পক্ষে প্রদত্ত বিশেষ সেবাসমূহ একটি রেজিস্ট্রারে সংরক্ষণ করতে হবে এবং ৩১ মার্চ ২০২২ তারিখের মধ্যে রেজিস্ট্রারের ছায়াকপি কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে।

(২.২) ঢাকাস্থ বীমা কোম্পানি/কর্পোরেশনের প্রধান কার্যালয়ে ২৮/২/২০২২ থেকে ০২/৩/২০২২ তারিখ পর্যন্ত (৩ দিন) আলোকসজ্জার ব্যবস্থা গ্রহণ।

(২.৩) বীমা কোম্পানি/কর্পোরেশনের বিভাগ/জেলা/উপজেলা পর্যায়ের শাখা কার্যালয়সমূহকে জাতীয় বীমা দিবস উপলক্ষে ২৮/২/২০২২ থেকে ০২/৩/২০২২ তারিখ পর্যন্ত (৩ দিন) ব্যাপক প্রচারণার জন্য যথাযথভাবে সজ্জিতকরণ (আলোকসজ্জা/ব্যানার/ফেস্টুন/নিজস্ব উত্তাবনী ধারণা)।


২৬.০২.২০২২
(মইনুল ইসলাম)
সদস্য

বিতরণ: কার্যার্থে

- ব্যবস্থাপনা পরিচালক, সাধারণ বীমা ও জীবন বীমা কর্পোরেশন;
- মুখ্য নির্বাহী কর্মকর্তা, লাইফ/নন-লাইফ ইস্যুরেন্স কোম্পানি;

অনুলিপি: সদস্য অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- প্রেসিডেন্ট, বাংলাদেশ ইস্যুরেন্স এসোসিয়েশন;
- যুগ্মসচিব (বীমা), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও সদস্য-সচিব, কেন্দ্রীয় কমিটি (জাতীয় বীমা দিবস ২০২২);
- মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় অর্থমন্ত্রী'র সদয় দৃষ্টি আকর্ষণের জন্য);
- সচিব মহোদয়ের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- পরিচালক, বাংলাদেশ ইস্যুরেন্স একাডেমি;
- প্রেসিডেন্ট, বাংলাদেশ ইস্যুরেন্স ফোরাম;
- সভাপতি, বাংলাদেশ ইস্যুরেন্স সার্ভেয়র্স এসোসিয়েশন;
- চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বীউনিক;
- সদস্য মহোদয়গণের সহকারী, বীউনিক;
- অফিস কপি।